

তারিখ: ২৩.০২.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: নরসিংদী জেলার সদর উপজেলায় একসাথে একই পরিবারের তিনশিশু হত্যাসহ সহোদর বড় ভাইকে কুপিয়ে জখমের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে হত্যার কারণ উদ্ঘাটনসহ ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৩.০২.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে নরসিংদী জেলার সদর উপজেলার দুর্গম চরের আলোকবালি গ্রামের পূর্বপাড়ায় একই পরিবারের তিনশিশু হত্যাসহ সহোদর বড়ভাইকে কুপিয়ে জখমের ঘটনা ঘটেছে। জানা যায় যে, ঘটনার শিকার শিশুদের (ইয়াছিন, মরিয়ম ও মার্জিয়া) বাবা আবুল কালাম বেপারী এবং মা কুলছুম বেগম। গত ২১.০২.২০১৭ তারিখ রাতে উক্ত শিশুদের মেজভাই রুবেল তাদের ঘুম পাড়ানোর কথা বলে একে একে হত্যা করে এবং বড়ভাই আতিকুর রহমান (আলোকবালি দারুল সুন্নাত ইসলামিয়া মাদ্রাসার শিক্ষক) কে মাদ্রাসা থেকে মায়ের অসুস্থতার কথা বলে বাইরে ডেকে এনে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে। এসময় আতিকুর রহমানের আর্তচিৎকারে প্রতিবেশিরা এগিয়ে এলে রুবেল মিয়া পালিয়ে যায়।

বাংলাদেশ মহিলা পরিষদ একই পরিবারের তিনশিশু হত্যাসহ সহোদর বড়ভাইকে কুপিয়ে জখমের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। বাংলাদেশ মহিলা পরিষদ হত্যার কারণ উদ্ঘাটনসহ ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার বড় ভাইয়ের সুচিকিৎসার অনুরোধ জানাচ্ছে। সেইসাথে সারাদেশে অব্যাহত নারী ও শিশু নির্যাতন এবং হত্যা বন্ধে আশুকার্যকরী ব্যবস্থা গ্রহণের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ